



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০২১-৫৬

তারিখ: ১৩ আষাঢ়. ১৪২৮

২৭ জুন ২০২১

বিষয়: যশোর জেলার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের এপ্রিল, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদনের তথ্যাদি প্রেরণ।

সূত্র: ডিডিএলজি, যশোরের স্মারক নং-৩৯৯, তারিখঃ ০২/০৫/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এপ্রিল, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদনে দোহাকুলা, পায়রা, গদখালী ও ঝাঁপা ইউনিয়ন পরিষদসমূহের চলতি ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বরাদ্দের পরিমাণ, গৃহিত প্রকল্পের সংখ্যা, বাস্তবায়ন অগ্রগতি ও ব্যয়ের তথ্য এবং ইউনিয়ন পরিষদসমূহের ধার্যকৃত ট্যাক্স, ট্যাক্স আদায় ও বকেয়া ট্যাক্সের বিষয়ে কোন তথ্য সন্নিবেশিত করা হয়নি। ফলে প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয় ও উন্নয়ন কার্যক্রমের বাস্তব অগ্রগতি জানা যাচ্ছে না।

এমতাবস্থায়, যশোর জেলার দোহাকুলা, পায়রা, গদখালী ও ঝাঁপা এই ৪টি ইউনিয়ন পরিষদের ২০২০-২১ অর্থ বছরের বকেয়া ট্যাক্স আদায়ের সর্বশেষ অগ্রগতি ও এডিপি'র (উন্নয়ন বাজেট) অর্থ দ্বারা গৃহিত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতির স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২২৭

উপপরিচালক

স্থানীয় সরকার, যশোর।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০২১-৫৬/১

তারিখ: ১৩ আষাঢ়. ১৪২৮

২৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, যশোর।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২৭-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব